



নং-৫২.০১.০০০০.১০১.৩৬ .১১১.১০, ১৪১০

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
২২ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ


শোক বার্তা



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং এর পরিচালক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব (বিসিএস পরিসংখ্যান, ৯ম ব্যাচ) জনাব জাফর আহাম্মদ খান কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে গত ২০ জুন ২০২০ তারিখ রোজ শনিবার, রাতঃ ৭.৪৫ ঘটিকায় সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যা এবং অনেক গুনগ্রাহী রেখে গেছেন।

০২। উল্লেখ্য, কর্মজীবনে তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে গুরুত্বপূর্ণ বিভিন্ন পদে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি প্রকল্প পরিচালক হিসেবে বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনা করেন। তিনি ২০০৮ সালের কৃষি শুমারি এবং ২০১৯ সালে অনুষ্ঠিত কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৯ এর প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি একজন দক্ষ পরিসংখ্যানবিদ, নিষ্ঠাবান ও দেশ প্রেমিক কর্মকর্তা ছিলেন।

০৩। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল কর্মকর্তা, কর্মচারী মরহমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।



মোহাম্মদ তাজুল ইসলাম
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন নং- ৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbd.gov.bd

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (০১) বেগম (মরহম জাফর আহাম্মদ খান এর স্ত্রী)।
- (০২) পরিচালক (সকল) বিবিএস, ঢাকা।
- (০৩) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- (০৪) প্রকল্প পরিচালক (সকল) বিবিএস, ঢাকা।
- (০৫) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (০৬) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, (সকল) বিবিএস
- (০৭) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, (সকল) বিবিএস
(অধীন সকল উপজেলা/থানা পরিসংখ্যান কার্যালয় কে অবহিত করার অনুরোধসহ)।
- (০৮) উপপরিচালক, প্রশাসন/বিনিক/সমন্বয়/ প্রকাশনা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (০৯) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (১০) স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (১১) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- (১২) পরিচালক এর ব্যক্তিগত সহকারী, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (১২) অফিস কপি